গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www. coop. gov.bd

স্মারক নং--৪৭.৬১.০০০০.০৬৩.০১৮.০৪.১৪-৪৩

তারিখ ঃ ২৩/০২/২০১৫খ্রিঃ।

## সার্কুলার

সমবায় সমিতির বিধিবদ্ধ নিরীক্ষা সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর আলোকে পূর্নাঙ্গ তথ্যনির্ভর হওয়া বাঞ্চনীয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রাথমিক সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদনসমূহ কাঙ্খিত গুণগতমান সম্পন্ন নয় এবং সমিতির আর্থিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত অনিয়ম সমূহ নিরীক্ষা প্রতিবেদনে যথাযথভাবে প্রতিফলিত হয় না; যাতে নিরীক্ষা কর্মকর্তার অদক্ষতা ও কর্তব্যকর্মে অবহেলা প্রকাশ পায়। বর্ণিত বিষয়ের প্রেক্ষাপটে নিরীক্ষার গুণগতমান ও গ্রহণযোগ্যতা বৃদ্ধির পাশাপাশি সমিতি সমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরীক্ষা প্রতিবেদনে আবশ্যিকভাবে নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে:

০১. সমিতির বিগত ৫ (পাঁচ) বছর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে কিনা ;
০২. সমিতিতে বিগত ৬ (ছয়) বছর বৈধ ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান ছিল কিনা;
০৩. সমিতির উপ-আইন অনুযায়ী সকল সদস্যের চাঁদা /পাওনা হালনাগাদ পরিশোধ আছে কিনা;
০৪. সমিতির সদস্যবহি সংরক্ষণ করা হচ্ছে কিনা;
০৫. সদস্য অর্ন্তভুক্তির ক্ষেত্রে পেশার সাথে সামঞ্জস্য রক্ষা ও ব্যবস্থাপনা কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে কিনা;
০৬. সমিতি উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নে সচেষ্ট কিনা বা বর্ণিত উদ্দেশ্য বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করছে কিনা;
০৭. প্রচলিত সমবায় সমিতি আইন ও বিধিমালা পরিপন্থিভাবে অসদস্যদের মধ্যে ঋণ কার্যক্রম (ঋণ গ্রহণ ও প্রদান) হচ্ছে কিনা;
০৮. সমিতিতে স্থায়ী সম্পদ আছে কিনা, থাকলে তার ক্রয়মূল্য ও বর্তমান বাজার মূল্য, সম্পত্তি অর্জনের উৎস্য এবং বর্তমান অবস্থা;
০৯. ব্যাংকিং কার্যক্রমের অনুরূপ কোন কার্যক্রম যেমন এফডিআর, বন্ড ও সঞ্চয়পত্র ইত্যাদি পরিচালনা করছে কিনা;
১০. বার্ষিক সাধারণ সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে সমিতির কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে কিনা, সমিতির উন্নতিকল্পে প্রকল্প গ্রহণ বিষয়ে সাধারণ সভায় যথাযথ সিদ্ধান্ত নেয়া হয়েছে কিনা;
১১. বার্ষিক/বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত ব্যতীত কোন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে কিনা, হয়ে থাকলে এর জন্য দায়ী চিহ্নিত করে সুস্পষ্ট মতামত ;
১২. সমিতির তারল্য আনুপাতিক হারে সংরক্ষণ করছে কিনা বা তারল্য সংকট আছে কিনা মতামত;
১৩. সমিতির মূলধন অবক্ষয় করে কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা এবং এ সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়- দায়িত্ব নির্ধারণ;
১৪. সমিতিটি লাভজনক হলে নিয়মিত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করছে কিনা ;
১৫. বন্টনযোগ্য মুনাফা থাকলে সদস্যদের মধ্যে তা বন্টন করা হচ্ছে কিনা;
১৬. সমিতির ধারাবাহিক ক্ষতি হয়ে থাকলে ক্ষতির কারণ চিহ্নিত করণ;
১৭. সদস্যগণ কর্তৃক সমিতি হতে গৃহীত ঋণ যথাযথখাতে বিনিয়োগ হচ্ছে কিনা এবং বিনিয়োগের পূণার্ঙ্গ বিবরণ ;
১৮. সমিতি কর্তৃক বাস্তবায়িত প্রকল্প/উৎপাদনমূখী কার্যক্রমের (যদি থাকে) সুফল সম্পর্কিত বিবরণ;
১৯. সমিতিতে নিয়মিত সঞ্চয় আমানত আদায় হয় কিনা;
২০. প্রাথমিক সমিতি তার সদস্যদের কোন্ কোন্ খাতে ঋণ প্রদান করেছে তার বিবরণ;
২১. সমিতির অনুমোদিত বাজেট আছে কিনা এবং অনুমোদিত বাজেটের অতিরিক্ত ব্যয় হয়ে থাকলে দায়ী ব্যক্তি চিহ্নিত করণ;
২২. সর্বোপরি, সমবায়ের সুনাম বৃদ্ধিতে বর্ণিত সমিতির অবদান অথবা এহেন সমবায় সমিতির নিবন্ধন বহাল রাখার আদৌ প্রয়োজন আছে কিনা;

স্বাক্ষরিত/-মোঃ মফিজুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ৯১৪১১৩১
Email: coop_bangladesh@ yahoo.com

C:\D-Backup\Audit\Lutfar\AUDIT-1\AUDIT-1-CoN.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর,
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www. coop. gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.০৬৩.০১৮.০৪.১৪-৪২ তারিখ :২৩/০২/২০১৫ খ্রিঃ।

## সার্কুলার

সমবায় সমিতির বিধিবদ্ধ নিরীক্ষা সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর আলোকে পূর্নাঙ্গ তথ্যনির্ভর হওয়া বাঞ্ছনীয়। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে লক্ষ্য করা যাচ্ছে যে, জাতীয় ও জাতীয় পর্যায়ের এবং দেশব্যাপী কর্ম এলাকা বিশিষ্ট সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদনসমূহ কাঙ্খিত গুণগতমান সম্পন্ন নয় এবং সমিতির আর্থিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত অনিয়ম সমূহ নিরীক্ষা প্রতিবেদনে যথাযথভাবে প্রতিফলিত হয় না; যাতে নিরীক্ষা কর্মকর্তার অদক্ষতা ও কর্তব্যকর্মে অবহেলা প্রকাশ পায়। বর্ণিত বিষয়ের প্রেক্ষাপটে নিরীক্ষার গুণগতমান ও গ্রহণযোগ্যতা বৃদ্ধির পাশাপাশি সমিতি সমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরীক্ষা প্রতিবেদনে আবশ্যিকভাবে নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর সুস্পষ্ট মন্তব্য প্রদান করতে হবে:

০১. জাতীয় এবং জাতীয় পর্যায়ের সমবায় সমিতির প্রতিনিধিত্বকারী সদস্য সমিতি (কেন্দ্রীয় সমিতি) বৈধ ব্যবস্থাপনা কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে কিনা;
০২. কেন্দ্রীয় সমবায় সমিতির প্রতিনিধিত্বকারী সদস্য সমিতি (প্রাথমিক সমিতি) বৈধ ব্যবস্থাপনা কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে কিনা;
০৩. জাতীয় ও জাতীয় পর্যায়ের এবং কেন্দ্রীয় সমবায় সমিতিগুলোর নির্বাচন ও সাধারণ সভায় প্রতিনিধিত্বকারী সদস্য সমিতি বিধিমালায় বর্ণিত বিধি অনুসরণ পূর্বক প্রতিনিধিত্ব করছে কিনা;
০৪. সদস্য তালিকা বহিতে সদস্য সমিতিগুলো কার্যকর / অকার্যকর/অবসায়নে ন্যাস্ত চিহ্নিত আছে কিনা;
০৫. সমিতির বিগত ৫ (পাঁচ) বছর নিয়মিত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে কিনা;
০৬. সমিতিতে বিগত ৫ (পাঁচ) বছর বৈধ ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান ছিল কিনা;
০৭. সমিতি উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নে সচেষ্ট কিনা বা বর্ণিত উদ্দেশ্য বহির্ভূত কোন কার্যক্রম পরিচালনা করছে কিনা;
০৮. প্রচলিত সমবায় সমিতি আইন ও বিধিমালা পরিপন্থীভাবে অসদস্যদের মধ্যে ঋণ কার্যক্রম (ঋণ গ্রহণ ও প্রদান) পরিচালিত হচ্ছে কিনা;
০৯. সমিতিতে স্থায়ী সম্পদ আছে কিনা, থাকলে বিবরণ। ক্রয়মূল্য ও বর্তমান বাজারমূল্য, সম্পত্তি অর্জনের উৎস্য এবং বর্তমান অবস্থা;
১০. ব্যাংকিং কার্যক্রমের অনুরুপ কোন কার্যক্রম যেমন এফডিআর, বন্ড ও সঞ্চয়পত্র ইত্যাদি পরিচালিত হচ্ছে কিনা;
১১. বার্ষিক সাধারণ সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের আলোকে সমিতির কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে কিনা বা সমিতির উন্নতিকল্পে প্রকল্প গ্রহণ বিষয়ে সাধারণ সভায় যথাযথ সিদ্ধান্ত নেয়া হয়েছে কিনা;
১২. বার্ষিক/বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত ব্যতীত কোন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে কিনা। হয়ে থাকলে এর জন্য দায়ী চিহ্নিত করে সুস্পষ্ট মতামত ;
১৩. সমিতির তারল্য আনুপাতিকহারে সংরক্ষণ করা হচ্ছে কিনা বা তারল্য সংকট আছে কিনা মতামত ;
১৪. সমিতির মূলধন অবক্ষয় করে পরিচালিত কার্যক্রম এবং এসাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়-দায়িত্ব র্নিধারণ;
১৫. সমিতিটি লাভজনক হলে নিয়মিত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করছে কিনা ;
১৬. বন্টনযোগ্য মুনাফা/লভ্যাংশ থাকলে সদস্যদের মধ্যে তা বন্টন করা হচ্ছে কিনা এবং যে ক্ষেত্রে সরকারের শেয়ার আছে সে ক্ষেত্রে বন্টনযোগ্য মুনাফা/লভ্যাংশ সরকারের শেয়ারের সাথে যুক্ত হয়ে সরকারের শেয়ার বৃদ্ধি পাচ্ছে কিনা;
১৭. সমিতির ধারাবাহিক ক্ষতি হয়ে থাকলে ক্ষতির কারণ চিহ্নিত করণ;
১৮. সদস্য সমিতির গৃহিত ঋণ যথাযথ খাতে বিনিয়োগ হচ্ছে কিনা এবং বিনিয়োগের পুর্নাঙ্গ বিবরণ ;
১৯. সমিতি কর্তৃক বাস্তবায়িত প্রকল্প / উৎপাদনমূখী কার্যক্রমের (যদি থাকে) বিস্তারিত বিবরণ;
২০. সমিতির অনুমোদিত বাজেট আছে কিনা এবং অনুমোদিত বাজেটের অতিরিক্ত ব্যয় হয়ে থাকলে দায়ী ব্যক্তি চিহ্নিত করণ;
২১. সর্বোপরি, সমবায়ের সুনাম বৃদ্ধিতে বর্নিত সমিতির অবদান অথবা এহেন সমবায় সমিতির নিবন্ধন বহাল রাখার আদৌ প্রয়োজন আছে কিনা;

স্বাক্ষরিত/-মোঃ মফিজুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ৯১৪১১৩১
Email: coop_bangladesh@ yahoo.com